

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ৩৮৪

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৩৭. নাবীয নামক শরবত দিয়ে উযু করা।

بَابُ الْوُضُوءِ بِالنَّبِيدِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَعَلِيُّ بْنُ مُحَمَّدٍ، قَالَا حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ أَبِيهِ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنْ سُفْيَانَ، عَنْ أَبِي فَزَّارَةَ الْعَبْسِيِّ، عَنْ أَبِي زَيْدٍ، مَوْلَى عَمْرِو بْنِ حُرَيْثٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، أَنَّ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ لَهُ لَيْلَةَ الْجِنِّ "عِنْدَكَ طَهُورٌ" . قَالَ لَا إِلَّا شَيْءٌ مِنْ نَبِيدٍ فِي إِدَاوَةٍ . قَالَ " تَمْرَةٌ طَيِّبَةٌ وَمَاءٌ طَهُورٌ " . فَتَوَضَّأَ . هَذَا حَدِيثٌ وَكِيعٌ .

বাংলা

১/৩৮৪। আবদুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লাইলাতুল জ্বীন-এ তাঁকে জিজ্ঞেস করেন, তোমার সাথে উযূর পানি আছে কি? তিনি বলেন, না, তবে একটি পাত্রে কিছু নাবীয আছে। তিনি বলেনঃ খেজুরও পবিত্র এবং পানিও পবিত্র। অতঃপর তিনি উযু (ওজু/অজু/অযু) করলেন।

English

It was narrated from 'Abdullah bin Mas'ud that :
On the night of the jinn, the Messenger of Allah said to him: "Do you have water for ablution?" He said: "No, I have nothing, but some Nabidh in a vessel." He said: "Good dates and pure water (i.e. there is no harm from the mixing of the two)." So he performed ablution with it. This is the narration of Waki'.

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিভাহ: তিরমিযী ৮৮, আহমাদ ৩৭৭৩, ৪২৮৪।

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: যঈফ আবু দাউদ ১০, মিশকাত ৪৮০। উক্ত হাদিসের রাবী আবু যায়দ সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি অপরিচিত, ইমাম বুখারী বলেন, তিনি অপরিচিত, তার হাদিস বিশ্বাসযোগ্য নয়। ইমাম তিরমিযি বলেন, হাদিস বিশারদদের নিকট তিনি মাজহুল বা অপরিচিত। আবু যুরআহ আর-রাযী বলেন, তার পরিচয় সম্পর্কে কিছু জানা যায় না, তিনি অপরিচিত। আবু আহমাদ আল হাকিম বলেন, তিনি অপরিচিত। ইবনু হিব্বান বলেন, তিনি কে? তা জানা যায় না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=10299>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন